

পাঠ ২

# আমাদের পরিবার ও আমাদের প্রতিবেশী



## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

২.২ প্রমিত বাংলায় কথোপকথন, আলোচনা (শ্রেণিকক্ষ, পরিবার, পরিচিত পরিবেশে) শুনে বুঝতে পারা।

৩.১ ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ও প্রতিবেদনমূলক রচনার পাঠ শুনে তথ্য, বিষয়বস্তু বুঝতে পারা।

৬.১ পরিচিত প্রেক্ষাপটে প্রশ্ন-উত্তর, অনুজ্ঞা, সম্বোধন করতে পারা এবং সংকেত, বিজ্ঞপ্তি বুঝে প্রমিত উচ্চারণে বলতে পারা।

১১.১ চিত্র ও ছক সংবলিত বর্ণনা, তথ্যমূলক রচনা, প্রতিবেদনমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৪

পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৪ | আমি রাজু।------- একসাথে স্কুলে যাই। |
| পিরিয়ড-৫ | আমার বাবা------ দেখাশোনা করেন। |
| পিরিয়ড-৬ | মিতু আমাদের --------- বই পাওয়া যায়। |
| পিরিয়ড-৭ | মিতুর মা ---------- মিলেমিশে থাকি। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| তৃতীয় | পঞ্চম | কৃষক | হাঁস | প্রতিবেশী | লাইব্রেরি | নার্স | হাসপাতাল |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

**পিরিয়ড ৪** আমি রাজু।------- একসাথে স্কুলে যাই।

**প্রশ্ন ১.** শব্দকার্ড থেকে উপযুক্ত শব্দ নিয়ে শূন্যস্থান পূরণ কর।




—— রাজু। আমরা এক ভাই, এক ——। আমি —— শ্রেণিতে পড়ি। আমার বোন তুলি —— শ্রেণিতে পড়ে। আমরা —— স্কুলে যাই।

**উত্তর :** আমি রাজু। আমরা এক ভাই, এক বোন। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার বোন তুলি পঞ্চম শ্রেণিতে পড়ে। আমরা একসাথে স্কুলে যাই।

বাংলা

**পিরিয়ড ৫** আমার বাবা------ দেখাশোনা করেন।

**প্রশ্ন ২. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. রাজুর বাবা পেশায় কী?**

**উত্তর :** রাজুর বাবা পেশায় কৃষক।

**প্রশ্ন খ. রাজুর বাবা মাঠে কী ফলান?**

**উত্তর :** রাজুর বাবা মাঠে নানারকম ফসল ফলান।

**প্রশ্ন গ. রাজুদের কী রয়েছে?**

**উত্তর :** রাজুদের হাঁস-মুরগির খামার রয়েছে।

**প্রশ্ন ঘ. হাঁস-মুরগির খামার দেখাশোনা করেন কে?**

**উত্তর :** হাঁস-মুরগির খামার দেখাশোনা করেন রাজুর মা।

**পিরিয়ড ৬** মিতু আমাদের --------- বই পাওয়া যায়।


**প্রশ্ন ৩. নিচের শব্দগুলোর প্রমিত উচ্চারণ লেখ।**

প্রতিবেশী, আদর, স্কুল, দোকান, বই।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| প্রতিবেশী | প্রোতিবেশী |
| আদর | আদোর্ |
| স্কুল | স্কুল্ |
| দোকান | দোকান্ |
| বই | বোই্ |

**প্রশ্ন ৪. শব্দকার্ড থেকে উপযুক্ত শব্দ নিয়ে শূন্যস্থান পূরণ কর।**




মিতু আমাদের ——। মিতুরা —— বোন। মিতুর বড় বোন —— পড়েন। তিনি আমাদের খুব —— করেন। মিতুর বাবার একটি —— দোকান আছে। সেখানে —— বই পাওয়া যায়।

**উত্তর :** মিতু আমাদের **প্রতিবেশী**। মিতুরা **দুই** বোন। মিতুর বড় বোন **হাইস্কুলে** পড়েন। তিনি আমাদের খুব **আদর** করেন। মিতুর বাবার একটি **বইয়ের** দোকান আছে। সেখানে **মজার মজার** বই পাওয়া যায়।

**পিরিয়ড ৭** মিতুর মা ---------- মিলেমিশে থাকি।

**প্রশ্ন ৫. উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

| মিলেমিশে | পেশার | অসুখ | একজন | হাসপাতাল |
|---|---|---|---|---|

মিতুর মা —— কাজ করেন। তিনি —— নার্স। গ্রামের মানুষের —— হলে তিনি সাহায্য করেন। আমাদের চারপাশে নানান —— আরও অনেক মানুষ আছে। সবাই আমরা —— থাকি।

**উত্তর :** মিতুর মা **হাসপাতালে** কাজ করেন। তিনি **একজন** নার্স। গ্রামের মানুষের **অসুখ** হলে তিনি সাহায্য করেন। আমাদের চারপাশে নানান **পেশার** আরও অনেক মানুষ আছে। সবাই আমরা **মিলেমিশে** থাকি।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

## সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের ঘটনায় কে কে রয়েছে এবং কয়টি ক্রমবাচক শব্দ রয়েছে ও কী কী তা শুনে লেখ।**

**ঘটনা**

আমি রাজু। আমরা এক ভাই, এক বোন। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার বোন তুলি পঞ্চম শ্রেণিতে পড়ে। আমরা একসাথে স্কুলে যাই। আমার বাবা একজন কৃষক। তিনি কৃষিকাজ করেন। মাঠে নানা রকম ফসল ফলান। আমাদের একটা হাঁস-মুরগির খামার আছে। সেটি আমার মা দেখাশোনা করেন।

**উত্তর :** উপরের ঘটনায় যারা রয়েছে—

১. রাজু, ২. রাজুর বোন তুলি, ৩. রাজুর বাবা, ৪. রাজুর মা।

উপরের ঘটনায় দুটি ক্রমবাচক শব্দ রয়েছে। যেমন— তৃতীয় ও পঞ্চম।

**প্রশ্ন ২. শিক্ষকের কথা মনোযোগ দিয়ে শোন।**

**উত্তর :** আমরা সবাই সমাজে মিলেমিশে বাস করি। আমাদের চারপাশে যাঁরা বাস করেন, তাঁরা আমাদের প্রতিবেশী। সবাই বিভিন্ন ধরনের কাজ করে জীবিকা নির্বাহ করেন। যেমন : কেউ কৃষিকাজ করেন, কেউ হাঁস-মুরগির খামার করেন, কারও বইয়ের দোকান আছে, কেউ হাসপাতালের নার্স। এভাবে সমাজের বিভিন্ন মানুষ বিভিন্ন পেশায় নিয়োজিত।

**বলা** — **শিক্ষকের প্রশ্নের উত্তর বলি**

**প্রশ্ন ৩. ছবি দেখে প্রশ্নের উত্তর দাও।**



ক. ছবিটি কোন ধরনের পেশাকে নির্দেশ করছে?

খ. নার্স কোথায় কাজ করেন?

গ. নার্স কীভাবে মানুষের সাহায্য করেন?

**উত্তর :**

ক. ছবিটি নার্স পেশাকে নির্দেশ করছে।

খ. নার্স হাসপাতালে কাজ করেন।

গ. মানুষের অসুখ হলে নার্স তাদের সেবাযত্ন করে সাহায্য করেন।

**প্রশ্ন ৪. তুলি কোন শ্রেণিতে পড়ে?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তুলি পঞ্চম শ্রেণিতে পড়ে।

**প্রশ্ন ৫. মিতুর বড়ো বোন কোথায় পড়েন?**

**উত্তর :** মিতুর বড়ো বোন হাইস্কুলে পড়েন।

**প্রশ্ন ৬. মিতুর বাবার কীসের দোকান আছে?**

**উত্তর :** মিতুর বাবার একটি বইয়ের দোকান আছে।

**প্রশ্ন ৭. মিতুর মা কোথায় কাজ করেন?**

**উত্তর :** মিতুর মা হাসপাতালে কাজ করেন।

**প্রশ্ন ৮. সবাই আমরা কীভাবে থাকি?**

**উত্তর :** সবাই আমরা মিলেমিশে থাকি।

**পড়া** — **নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**প্রশ্ন ৯. নিচের অনুচ্ছেদটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও।**

মিতু রাজুর প্রতিবেশী। মিতুরা দুই বোন। মিতুর বড়ো বোন হাইস্কুলে পড়েন। তিনি রাজুদের খুব আদর করেন। বড়ো হয়ে রাজু সেই স্কুলে পড়তে চায়। মিতুর বাবার একটি বইয়ের দোকান আছে। দোকানের নাম পুবালি লাইব্রেরি। সেখানে মজার মজার বই পাওয়া যায়।

ক. রাজুর প্রতিবেশী কে?

খ. মিতুরা কয় বোন?

গ. মিতুর বাবার দোকানের নাম কী?

ঘ. মিতুর বাবার লাইব্রেরিতে কী ধরনের বই পাওয়া যায়?

ঙ. অনুচ্ছেদ থেকে ফলাযুক্ত শব্দ খুঁজে লেখ।

**উত্তর :**

ক. মিতু রাজুর প্রতিবেশী।

খ. মিতুরা দুই বোন।

গ. মিতুর বাবার দোকানের নাম পুবালি লাইব্রেরি।

ঘ. মিতুর বাবার লাইব্রেরিতে মজার মজার বই পাওয়া যায়।

ঙ. ফলাযুক্ত শব্দ : প্রতিবেশী = প্র – প + র (্র)-ফলা

লাইব্রেরি = ব্র – ব + র (্র)-ফলা

**প্রশ্ন ১০. নিজের সম্পর্কে বল।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমার নাম সাবিত হাসান। আমার বাবার নাম মো. মাজিদুর রহমান। আমার বাবা একজন কৃষক। আমার মায়ের নাম কামরুন নাহার। আমার মা একজন গৃহিণী। আমরা দুই ভাই এবং এক বোন। আমি তৃতীয় শ্রেণিতে পড়ি। আমার বড়ো ভাই নবম শ্রেণিতে পড়ে। আমার বড়ো বোন সপ্তম শ্রেণিতে পড়ে। আমরা একসাথে স্কুলে যাই। দাদা-দাদি আমাদের সাথে থাকেন। দাদি আমাদের সুন্দর সুন্দর গল্প শোনান। আমরা সকলে তা উপভোগ করি।

**লেখা** — **নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ১১. প্রতিবেশী সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।**

**উত্তর :** প্রতিবেশী সম্পর্কে পাঁচটি বাক্য—

ক. সাধারণভাবে বাড়ির আশপাশে যারা বসবাস করে, তাদের প্রতিবেশী বলা হয়।

খ. আমাদের আশেপাশে যারা বাস করে, তারাই প্রতিবেশী।

গ. প্রতিবেশী তারাই যারা নিজের অবস্থানের আশেপাশে অবস্থান করে।

ঘ. বাড়ির পাশাপাশি বসবাসকারী আত্মীয় বা অনাত্মীয় লোকজনই প্রতিবেশী।

ঙ. আমার পরে বা পাশে বসবাসকারী লোকজনই প্রতিবেশী।

**প্রশ্ন ১২. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম | ডান |
|---|---|
| ক. আমি তৃতীয় শ্রেণিতে | একজন কৃষক |
| খ. আমরা একসাথে | প্রতিবেশী |
| গ. আমার বাবা | নার্স |
| ঘ. মিতু আমাদের | পড়ি |
| ঙ. তিনি একজন | স্কুলে যাই |

**উত্তর :**

ক. আমি তৃতীয় শ্রেণিতে পড়ি।

খ. আমরা একসাথে স্কুলে যাই।

গ. আমার বাবা একজন কৃষক।

ঘ. মিতু আমাদের প্রতিবেশী।

ঙ. তিনি একজন নার্স।

**প্রশ্ন ১৩. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

দুই, অসুখ, পুবালি লাইব্রেরি, হাঁস-মুরগির, বাবা।

ক. আমার ——— একজন কৃষক।

খ. আমাদের একটা ——— খামার আছে।

গ. মিতুরা ——— বোন।

ঘ. দোকানের নাম ———।

ঙ. গ্রামের মানুষের ——— হলে তিনি সাহায্য করেন।

**উত্তর :**

ক. আমার **বাবা** একজন কৃষক।

খ. আমাদের একটা **হাঁস-মুরগির** খামার আছে।

গ. মিতুরা **দুই** বোন।

ঘ. দোকানের নাম **পুবালি লাইব্রেরি**।

ঙ. গ্রামের মানুষের **অসুখ** হলে তিনি সাহায্য করেন।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা / নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| কথোপকথনের ধারণা অর্জন করেছে। | | | |
| কথোপকথন শুনে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| নিজের ও পরিবারের পরিচিতি বলতে পেরেছে। | | | |
| বর্ণনামূলক রচনা পড়ে বিষয়বস্তু বলতে পেরেছে। | | | |
| সকল পেশার প্রতি শ্রদ্ধাবোধ প্রদর্শন করেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম :.............................. শ্রেণি :.............................. রোল নম্বর : ☐

**১। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. তুলি কোন শ্রেণিতে পড়ে?

খ. মিতুর বড়ো বোন কোথায় পড়েন?

গ. মিতুর বাবার কীসের দোকান আছে?

**২। প্রতিবেশী সম্পর্কে পাঁচটি বাক্য লেখ।**

**৩। সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

দুই, অসুখ, পুবালি লাইব্রেরি, হাঁস-মুরগির, বাবা।

ক. আমার ——— একজন কৃষক।

খ. আমাদের একটা ——— খামার আছে।

গ. মিতুরা ——— বোন।

ঘ. দোকানের নাম ———।

ঙ. গ্রামের মানুষের ——— হলে তিনি সাহায্য করেন।

### উত্তরমালা

১ ▸ ক. তুলি পঞ্চম শ্রেণিতে পড়ে।

খ. মিতুর বড়ো বোন হাইস্কুলে পড়েন।

গ. মিতুর বাবার একটি বইয়ের দোকান আছে।

২ ▸ ক. সাধারণভাবে বাড়ির আশপাশে যারা বসবাস করে, তাদের প্রতিবেশী বলা হয়।

খ. আমাদের আশেপাশে যারা বাস করে, তারাই প্রতিবেশী।

গ. প্রতিবেশী তারাই যারা নিজের অবস্থানের আশেপাশে অবস্থান করে।

ঘ. বাড়ির পাশাপাশি বসবাসকারী আত্মীয় বা অনাত্মীয় লোকজনই প্রতিবেশী।

ঙ. আমার পরে বা পাশে বসবাসকারী লোকজনই প্রতিবেশী।

৩ ▸ ক. আমার বাবা একজন কৃষক।

খ. আমাদের একটা হাঁস-মুরগির খামার আছে।

গ. মিতুরা দুই বোন।

ঘ. দোকানের নাম পুবালি লাইব্রেরি।

ঙ. গ্রামের মানুষের অসুখ হলে তিনি সাহায্য করেন।

মূল্যায়ন রিপোর্ট : 

শিখনের অর্জিত মাত্রা ☐